

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৭৯
আগরতলা, ১৩ মার্চ, ২০২৪

আগামীকাল আগরতলা চা নিলাম কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন

আগামীকাল আগরতলা চা নিলাম কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে। গোখাঁবস্তিস্থিত শিল্প ও বাণিজ্য দপ্তরের পুরাতন কার্যালয় ভবনের সামনে এর ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। আজ ত্রিপুরা চা উন্নয়ন নিগমের প্রধান কার্যালয়ে আছত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, রাজ্যে দেশের মোট উৎপাদনের প্রায় ১০ শতাংশ চা উৎপাদিত হয়। রাজ্যে গড়ে প্রতিবছর ৯০ লক্ষ কেজির বেশি চা উৎপাদিত হয়। কিন্তু রাজ্যে কোন চা নিলাম কেন্দ্র না থাকায় গুয়াহাটি কিংবা কলকাতাস্থিত নিলাম কেন্দ্রে গিয়ে নিলামে অংশগ্রহণ করতে হত। এর ফলে পরিবহণ খরচ যেমন বেশি হত, সময়ও বেশী লাগতো। বর্তমানে চা নিলামের সম্পূর্ণ প্রক্রিয়া সম্পন্ন হতে ৪৪ দিন সময় লাগে। রাজ্যেই চা নিলাম কেন্দ্র স্থাপন হয়ে গেলে ১৬ দিনের মধ্যেই কার্যক্রম সম্পন্ন করা সম্ভবপর হবে। এর ফলে রাজ্যের চা চাষিরাও অর্থনৈতিকভাবে লাভবান হবেন। তাছাড়াও রোজগারের বিভিন্ন সুযোগ সৃষ্টি হবে। পরিবর্তিত হবে রাজ্যের অর্থনৈতিক অবস্থা।

নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ আরও বলেন, চা নিলাম কেন্দ্রের জন্য প্রয়োজনীয় ওয়েরহাউসের ব্যবস্থাও বাধারঘাটে করা হয়েছে। আগামীদিনে পার্শ্ববর্তী দেশ বাংলাদেশের চা'এর বাজারে পৌঁছানোর ক্ষেত্রেও এই নিলাম কেন্দ্রটি ভূমিকা গ্রহণ করবে বলে তিনি আশা প্রকাশ করেন। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নিগমের বোর্ড অব ডিরেক্টর স্বরাজ সরকার এবং এম ডি মানিকলাল দাস।
